

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৬৭

পর্ব-৩০: মান-মর্যাদা (بالمناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আবৃ বাকর সিদ্দীক ও 'উমার ফারূক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصنْلُ التَّالِثُ (بَابِ مَنَاقِبِ أَبِي بَكْرِ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

### আরবী

عَنِ ابْنِ مَسْعُودٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَطَّلِعُ عَلَيْكُمْ رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ» فَاطَّلَعَ عُمَرُ. رَوَاهُ الْجَنَّةِ» . فَاطَّلَعَ أَبُو بَكْرٍ ثُمَّ قَالَ: «يَطَّلِعُ عَلَيْكُمْ رَجُلٌ مِنْ أَهْلِ الْجَنَّةِ» فَاطَّلَعَ عُمَرُ. رَوَاهُ الْجَنَّةِ» فَاطَّلَعَ عُمرُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

اسناده ضعیف ، رواه الترمذی (3694) \* عبدالله بن عبد القدوس : ضعیف ، ضعفه الجمهور ولم متابعة ضعیفة مردودة عند الطبرانی فی الکبیر (10 / 206 ح 10344) و الاعمش مدلس و عنعن ـ ان صح السند الیه ـ

(ضَعيف)

#### বাংলা

৬০৬৭-[১২] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী (সা.) বললেন, এমন এক লোক তোমাদের সামনে আগমন করবে, যে জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত। এরপরেই আবূ বকর (রাঃ) আগমন করলেন। অতঃপর তিনি (সা.) বললেন, তোমাদের সামনে আরেক লোক আগমন করবে, যে জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত। এবার 'উমার (রাঃ) এসে প্রবেশ করলেন। ইমাম তিরমিয়ী (রহিমাহল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব

## ফুটনোট

যঈফ: তিরমিয়ী ৩৬৯৪ - সন্দ য'ঈফ, আমাশ 'আন দ্বারা বর্ণনা করেছেন, আর তার ছাত্র আবদুল্লাহ ইবনু 'আবদুল কুদ্দুস য'ঈফ, আওয়ারুস্ সহীফাহ ৩০৬ পূ. আল মুসতাদরাক লিল হাকিম ৪৪৪৩।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: يَطَّلِعُ عَلَيْكُمْ رَجُلٌ) মাসদার হতে নির্গত যার অর্থ প্রবেশ করবে, প্রকাশ ঘটবে, আগমন করবে ইত্যাদি উক্ত হাদীসে আবূ বাকর ও 'উমার (রাঃ)-এর ফ্যীলত বর্ণিত হয়েছে এবং দুনিয়াতেই জান্নাতের সুসংবাদপ্রাপ্ত হয়েছেন। (তুহফাতুল আহ্ওয়াযী ৯/৩৭০৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন